



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 1st Semester Examination, 2022

CC2-BENGALI

NEW SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) রূপ গোস্বামী প্রদত্ত পূর্বরাগের সংজ্ঞাটি উল্লেখ করো। এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে ছিলেন ?
- (খ) সর্বভারতীয় অলংকারশাস্ত্র ও বৈষ্ণব অলংকারশাস্ত্রে রস ধারণার যে পার্থক্য আছে সেটি উল্লেখ করো।
- (গ) লবণাসুর কে ছিলেন ? তিনি কার দ্বারা, কিভাবে নিহত হয়েছিলেন ?
- (ঘ) রামরাজত্বে রামচন্দ্রের রাজসভায় রাজ্যের অর্থনৈতিক মন্দার কথা কে উল্লেখ করেন ? এই অর্থনৈতিক মন্দা বোঝাতে তিনি যে দৃষ্টান্ত দিয়েছিলেন, তা তোমার ভাষায় ব্যক্ত করো।
- (ঙ) “তুমি কি দোষে করিলে আমায় ছ’টা কলুর অনুগত।” - এখানে ‘তুমি’ বলতে কাকে বোঝানো হয়েছে ? ছ’টা কলুর ব্যঙ্গনার্থ নির্দেশ করো।
- (চ) কবি রামপ্রসাদ সেন ও কবি কমলাকান্তের আবির্ভাবকাল উল্লেখ করে তাঁরা যে যে রাজার রাজানুগ্রহ লাভ করেছিলেন তাঁদের নামোল্লেখ করো।

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) “আজু হাম কি পেখলুঁ নবদ্বীপ চন্দ” - উদ্ধৃতাংশটির কবি কে ? কবি কাকে, কেন ‘নবদ্বীপ চন্দ’ বলতে চেয়েছেন ? এখানে ‘নবদ্বীপ চন্দ’র কোন্ ভাব, কিভাবে প্রকাশ পেয়েছে ?
- (খ) প্রার্থনা পদপর্যায়ের বিদ্যাপতির শ্রেষ্ঠত্বের কারণ আলোচনা করো।
- (গ) কৃত্তিবাসী রামায়ণে ‘উত্তরাকাণ্ড’ মূল রামায়ণের প্রক্ষিপ্ত অংশ কি-না বিচার করো।
- (ঘ) কৃত্তিবাসীর ‘উত্তরাকাণ্ডে’ সীতার ‘পাতাল প্রবেশ’ অংশে নায়িকার যে ব্যক্তিস্বাতন্ত্র্য প্রকাশিত হয়েছে, তা তোমার ভাষায় ব্যক্ত করো।
- (ঙ) “আমার গৌরিরে লয়ে যায় হর আসিয়ে” - শীর্ষক পদটিতে মাতৃহৃদয়ের যে ব্যাকুলতা প্রকাশিত হয়েছে, তার স্বরূপ ব্যক্ত করো।
- (চ) ‘ভক্তের আকৃতি’ বলতে কী বোঝো ? এই পদপর্যায়ের শ্রেষ্ঠ কবির যে-কোনো একটি পদ অবলম্বনে সেটি যে এই পদপর্যায়ের, তা বুঝিয়ে দাও।

বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) অভিসার কাকে বলে ? এই পদপর্যায়ের শ্রেষ্ঠ কবির কয়েকটি পদ আলোচনা করে তাঁর শ্রেষ্ঠত্বের কারণগুলি বুঝিয়ে দাও।
- (খ) বৈষ্ণব পদাবলী বৈষ্ণব তত্ত্বের রসভাষ্য — আলোচনা করো।
- (গ) কৃষ্ণিবাসের উত্তরাকাণ্ডে রামচন্দ্র ও সীতাদেবীর মধ্যে কে অধিক উজ্জ্বলবর্ণে চিত্রিত ? উপযুক্ত দৃষ্টান্ত সহকারে তোমার মতামত ব্যক্ত করো।
- (ঘ) কবি রামপ্রসাদ সেন অথবা কবি কমলাকান্ত ভট্টাচার্যের কবি কৃতিত্ব উপযুক্ত উদ্ধৃতিসহ আলোচনা করো।

—x—